Department of Education
Carmen Fariña, Chancellor

ফেডারেল এভরি স্টুডেন্ট সাকসিডস (সব শিক্ষার্থী সফল হয়) অ্যাক্ট এর শর্ত অনুযায়ী ৩-৮ গ্রেড পর্যন্ত ইংরেজি ভাষা শৈলী ও গণিতে প্রতি বছর একবার এবং হাই স্কুলে একবার পরীক্ষা নিতে হবে; বিজ্ঞানের জন্য স্কুলগুলোকে অবশ্যই এলেমেন্টারিতে, মিডল স্কুলে ও হাই স্কুলে একবার করে পরীক্ষা নিতে হবে। ফেডারেল এবং স্টেটের বাধ্যতামূলক পরীক্ষা পরিপূরণ ছাড়াও, এই পরীক্ষাসমূহ শিক্ষার্থীদের এবং স্কুলগুলোর বছর-থেকে-বছরের অগ্রগতি পরিমাপেও সহায়ক। এসব পরীক্ষা সম্পর্কে আপনার হয়তো কিছু প্রশ্ন থাকতে পারে, এমন কিছু প্রশ্ন ও তার উত্তরের তালিকা নিচে দেওয়া হলো।

কখন ৩-৮ গ্রেডের পরীক্ষাগুলো নেওয়া হবে?

২০১৭ সালে, ইএলএ পরীক্ষা নেওয়া হবে ২৮-৩০ মার্চ, এ তারিখগুলোতে দিতে না পারলে মেক-আপ তারিখ ৩১ মার্চ, ৩-৫ এপ্রিল। গণিত পরীক্ষা নেওয়া হবে ২-৪ মে, এ তারিখগুলোতে দিতে না পারলে মেক-আপ তারিখ ৫, ৮-১০ মে। গ্রেড পর্যায় অনুযায়ী একটি পূর্ণাঙ্গ সময়সূচি অনলাইনে স্কুল ক্যালেন্ডারে পাওয়া যাবে।

পরীক্ষার ফল কীভাবে ব্যবহার করা হয়?

স্টেটের পরীক্ষাগুলো শিক্ষার্থীর মৌলিক শিক্ষা কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ অংশ। এগুলো, পাঠ্য বিষয়গুলোতে শিক্ষার্থীদের দক্ষতা ও অধীত বিষয়ের বিভিন্ন কোর্সে তাদের সক্ষমতার মূল্যায়ন প্রদান করে, শিক্ষার্থীরা কলেজ ও কর্মজগতের জন্য প্রস্তুত হয়ে হাই স্কুল থেকে গ্রাজুয়েট হওয়ার পথে কতোটুকু অগ্রসর হয়েছে, সেটা পরিমাপের একটি উপায় হিসেবে কাজ করে, এবং আসন্ন শিক্ষানির্দেশনার প্রকৃতি নির্ধারণ করতে সহায়তা করে। শিক্ষার্থী কলেজে উত্তীর্ণ হওয়া ও কর্মক্ষেত্রের জন্য প্রস্তুত হওয়ার পথে অগ্রসর হচ্ছে কি না, সেটা নিশ্চিত হওয়ায় শিক্ষার্থীর ক্লাসরুম অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট, রচনা, এবং পরীক্ষাসমূহের সাথে সাথে স্টেট টেস্ট-এর ফল শিক্ষকদেরকে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

স্কুলগুলো কীভাবে কাজ করছে, সেটা মূল্যায়ন করতে, এবং স্কুলগুলোর উন্নতিতে সহায়তার ক্ষেত্রগুলো চিহ্নিত করতে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন পরীক্ষার ফলাফলকে ব্যবহার করে। তদুপরি, ডিওই-এর কিছু কর্মসূচি এবং মিডল ও হাই স্কুল ভর্তির ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের সময় স্টেট টেস্টের ফলাফলকে একটি বিবেচ্য বিষয় হিসেবে ব্যবহার করে; স্টেট টেস্টের ফলাফলহীন শিক্ষার্থীরা তারপরও সেসব কর্মসূচিতে আবেদন করতে পারবে, তবে তাদেরকে বাড়তি ধাপ অতিক্রম করতে হতে পারে (অতিরিক্ত তথ্যের জন্য নিচে দেখুন)। এসব স্টেটের পরীক্ষার কারণে শিক্ষার্থীদের গ্রেড উত্তীর্ণ হওয়া বা শিক্ষক বা প্রিন্সিপ্যালদের জন্য নিয়মিত মূল্যায়নের ফল লাভ করায় কোন ভূমিকা থাকবে না, অন্ততঃ ২০১৯-২০২০ স্কুল বছর পর্যন্ত। এসব মূল্যায়নভিত্তিক যেকোন মানদণ্ড সমৃদ্ধিমূলক বা গঠনমূলক উদ্দেশ্যে ব্যবহার করা হবে।

Department of Education
Carmen Fariña, Chancellor

স্টেটের পরীক্ষা সমাপ্ত করতে শিক্ষার্থীকে কতোটুকু সময় নিতে হবে?

গত বছরের মতো এবারের পরীক্ষায়ও সময়সীমা থাকবেনা। শিক্ষার্থীরা যতোক্ষণ ফলপ্রসূ কাজ করা অব্যাহত রাখবে, তারা তাদের নিজস্ব গতি অনুযায়ী কাজ করতে সক্ষম হবে, এবং যাদের বিশেষ ব্যবস্থা আবশ্যক, তাদেরসহ সকল শিক্ষার্থী পরীক্ষা যখন শেষ হবে, তখনই উত্তরপত্র জমা দিতে পারবে।

টেস্ট-এর সময় যদি কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে কি হবে?

পরীক্ষার সময় যদি কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকে, তাহলে স্কুল নির্দিষ্ট মেক-আপ (বিকল্প তারিখ) সময়ে পরীক্ষা নেবে। যদি কোন শিক্ষার্থী মেক-আপ সময়েও অনুপস্থিত থাকে, তাহলে শিক্ষার্থীর পরীক্ষা নেওয়া হবে না।

পিতামাতা কি পারেন সন্তানদেরকে স্টেট টেস্ট না দেওয়াতে বা সন্তানদের জন্য অন্য কোন বিকল্প মূল্যায়ন বেছে নিতে?

পিতামাতাদের সম্মতি নিতে হয় এমন কিছু ব্যতিক্রম, যেমন প্রতিবন্ধি শিক্ষার্থী এবং ফেডারেল-অর্থায়িত সমীক্ষা ও বিশ্লেষণ, যা সংশোধিত ফেডারেল শিক্ষার্থী অধিকার সুরক্ষা আইনের অধীনে পরিচালিত কমিটি অন স্পেশাল এডুকেশনের মূল্যায়ন, ছাড়া এমন কোন স্টেটের আইন বা প্রবিধান নেই যার দ্বারা পিতামাতাদেরকে সন্তানদের স্টেট টেস্ট থেকে প্রত্যাহারের বা একটি বিকল্প মূল্যায়নের অনুরোধ জানাবার অনুমোদন দেয়। যদি পিতামাতাগণ তাদের সন্তানদেরকে স্টেটের পরীক্ষা দেওয়া থেকে বিরত রাখতে চান, তাহলে তাদের সন্তানদের প্রিন্সিপ্যালের সাথে কথা বলতে হবে। যদি প্রিন্সিপ্যালের সাথে আলোচনার পরও পিতামাতা সন্তানকে পরীক্ষা থেকে প্রত্যাহার করতে চান, তাহলে প্রিন্সিপ্যালকে পিতামাতাদের সিদ্ধান্তের প্রতি সম্মান প্রদর্শন করতে হবে এবং তাদেরকে জানাতে হবে যে, পরীক্ষা চলাকালে ছেলেমেয়েদেরকে একটি বিকল্প শিক্ষামূলক কর্মকাণ্ডে নিয়োজিত করে স্কুল সম্ভাব্য সেরা কাজটি করবে। পিতামাতা ও প্রিন্সিপ্যালকে এ আলোচনার লিখিত নথি সংরক্ষণ করতে হবে।

যদি কোন শিক্ষার্থী স্টেট টেস্ট দিতে অস্বীকৃতি জানায়, তাহলে কি হবে?

যদি স্কুলে কোন শিক্ষার্থী স্টেটের পরীক্ষার পুরোটাই দিতে অস্বীকৃতি জানায়, তাহলে স্কুল পরীক্ষার তিন দিনের প্রত্যেকটি দিন উত্তরপত্রে “Refused Entire Test” চিহ্নিত করবে। স্কুল সর্বতো চেষ্টা করবে বিকল্প শিক্ষানির্দেশনা কর্মকাণ্ড, যেমন রিডিং বা অন্য কোন প্রজেক্ট বা অ্যাসাইনমেন্ড ইত্যাদির ব্যবস্থা করার।

যে শিক্ষার্থী অংশগ্রহণ করবে না, সে পরীক্ষা দিতে উপস্থিত হয়ে উত্তরপত্রে জবাব না লিখা, কিংবা পরীক্ষা গ্রহণে ত্রুটি থাকায় পরীক্ষা বাতিল হওয়া শিক্ষার্থীদের ন্যায় পরীক্ষায় নম্বর পাবে না। অনুগ্রহ

করে খেয়াল করবেন যে, যেসব শিক্ষার্থী পরীক্ষার যে কোন অংশের এক বা অধিক প্রশ্নের উত্তর প্রদান করে, যদিও সে পরবর্তীগুলো দিতে অস্বীকৃতি জানায়, তাহলে সে অংশগ্রহণ করেছে বলে গণ্য করা এবং স্কোর দেওয়া হবে।

যেসব শিক্ষার্থী পরীক্ষায় বসতে অস্বীকৃতি জানাবে, তাদের নিম্নলিখিত পরিণতির মুখোমুখী হতে হবে:

প্রোমোশনের সিদ্ধান্তের জন্য: সারা বছর জুড়ে স্কুল কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড অর্জনে শিক্ষার্থীদের অগ্রগতি মূল্যায়ন করে। শিক্ষার্থীদেরকে সামগ্রীকভাবে মূল্যায়ন করা হয় স্টেট টেস্টের নম্বর, গ্রেড, রিপোর্ট কার্ড, শিক্ষার্থীর লেখার নমুন, প্রজেক্ট, অ্যাসাইনমেন্ট, এবং অন্যান্য কর্মসম্পাদনাভিত্তিক মূল্যায়ন, ইত্যাদি বহুসংখ্যক মাপকাঠি ব্যবহার করে। যদিও স্টেট টেস্টের স্কোর ব্যবহার করা হতে পারে, প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সেটা প্রাথমিক বা প্রধান বিষয় হিসেবে গণ্য হতে পারে না। একমাত্র স্টেট টেস্ট না দেওয়ার কারণে শিক্ষার্থীকে শাস্তি দেওয়া বা একই গ্রেডে রেখে দেওয়া যাবেনা।

স্কুল যদি নিশ্চিত হয় যে শিক্ষার্থী ম্যাথ ও ইএলএ-তে পর্যাপ্ত অগ্রগতি অর্জন করেছে (এবং ৮ম গ্রেডে যদি শিক্ষার্থী সকল মৌলিক পাঠ্যে উত্তীর্ণ হয়েছে) বলে পর্যাপ্ত প্রমাণ রয়েছে, তাহলে সে শিক্ষার্থী উত্তীর্ণ হবে।

যদি সারা স্কুল বছরের একাধিক প্রমাণের ভিত্তিতে স্কুল যদি নিশ্চিত হয় যে শিক্ষার্থী ম্যাথ ও ইএলএ-তে পর্যাপ্ত অগ্রগতি অর্জন করেনি, তাহলে স্কুল পরবর্তী গ্রেডের জন্য শিক্ষার্থী প্রস্তুত কিনা, সেটা নিশ্চিত হতে স্কুল শিক্ষার্থীর পোর্টফোলিও সম্পন্ন করবে। কমন কোর-এর সাথে সামঞ্জস্য বিধান করে তৈরি করা পোর্টফোলিও শিক্ষার্থীর লেখাপড়া সম্পর্কে একটি বস্তুনিষ্ঠ মূল্যায়ন উপস্থাপন করে, এবং এতে স্কুলের জন্য নমনীয়তার সুযোগ দেয় যাতে স্কুল সারা বছরব্যাপী শিক্ষার্থীর সম্পন্ন করা কাজ ও মূল্যায়নসমূহকে অন্তর্ভুক্ত করতে পারে। যদি শিক্ষার্থীর প্রমোশন পোর্টফোলিও প্রদর্শন করে যে শিক্ষার্থী প্রমোশনের মান অর্জন করেছে, তাহলে শিক্ষার্থীকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ করা হবে। শুধু স্টেট টেস্ট দেয়নি বলে স্কুল শিক্ষার্থীর প্রমোশন পোর্টফোলিও পূরণ করা বাধ্যতামূলক করতে পারবে না।

ইংরেজি ভাষা শিক্ষার্থী ও আইইপি-যুক্ত শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ডসহ প্রমোশন পোর্টফোলিও সম্পর্কে অধিক তথ্যের জন্য দেখুন: "What to Expect: Promotion and Summer School."[1]

[1] http://schools.nyc.gov/NR/rdonlyres/64DAAB5A-BED4-4F9C-B9ED-396D6D87FC25/0/Acpolicypromoforfamilies.pdf

Department of Education
Carmen Fariña, Chancellor

ভর্তিসংক্রান্ত সিদ্ধান্তের জন্য: ২০১৪ সালের মার্চে গৃহীত নিউ ইয়র্ক স্টেটের আইন[2]-এর জন্য ডিওই-এর কোন স্কুল বা প্রোগ্রাম স্টেট টেস্ট-এর পরীক্ষার নম্বরকে একক, প্রাথমিক বা গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে তাদের ভর্তিনীতিতে ব্যবহার করতে পারবে না। নিচে বর্ণিত পরিস্থিতিগুলোতে স্টেট টেস্ট-এর নম্বরগুলোকে ভর্তির বহুসংখ্যক মানদণ্ডের একটি হিসেবে ব্যবহার করা হয়েছে ।

কিছু মিডল ও হাই স্কুলে রয়েছে প্রাতিষ্ঠানিকভাবে বাছাই প্রোগ্রাম যা পরীক্ষার নম্বরকে ভর্তির জন্য বহুসংখ্যক বিবেচ্য বিষয়ের একটি হিসেবে গণ্য করে, যেভাবে মিডল স্কুল ডিরেক্টরি[3] এবং হাই স্কুল ডিরেক্টরিতে[4] ব্যাখ্যা করা আছে। পরীক্ষার নম্বরহীন শিক্ষার্থীরা এসব প্রোগ্রামে আবেদনের যোগ্য, এবং স্কুলগুলোকে ভর্তির সিদ্ধান্ত গ্রহণের সময় না পাওয়া পরীক্ষার নম্বরের ক্ষেত্রে কীভাবে সিদ্ধান্ত নিতে হবে, সে ব্যাপারে নীতি তৈরি করার নির্দেশনা দেওয়া হয়েছে। অনুগ্রহ করে স্কুলগুলোর নিজস্ব ভর্তি নীতি সম্পর্কে জানার জন্য সংশ্লিষ্ট স্কুলগুলোর সাথে সরাসরি যোগাযোগ করুন; কোন স্কুল থেকে তাদের ভর্তি নীতি সম্পর্কে জানতে সমস্যা হলে স্কুলের ফ্যামেলি লিডারশিপ কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

স্কুলের স্টেট ও ফেডারেল দায়বদ্ধতার জন্য: স্টেট ও ফেডারেল দায়বদ্ধতার নীতির অধীনে স্টেট প্রতিটি স্কুলের স্টেট টেস্ট-এ অংশগ্রহণের হার পরিমাপ করে। কারণ বিবেচনা না করে (যেমন, অনুপস্থিতি বা প্রত্যাহার), স্কুলের শিক্ষার্থীদের কোন একটি বা একাধিক সাবগ্রুপের (যেমন ৯৫%-এর কৃষ্ণাঙ্গ শিক্ষার্থী, প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, ইত্যাদি) ৯৫%-এর কম শিক্ষার্থী যদি ম্যাথ বা ইএলএ পরীক্ষায় অংশগ্রহণ করে, তাহলে স্কুলটি "পর্যাপ্ত বার্ষিক অগ্রগতি" (এওয়াইপি) অর্জন করছেনা, এমন স্কুল হিসেবে চিহ্নিত হয়। এর ফলে নিম্নলিখিতগুলো সংঘটিত হয়:

- একই সাবগ্রুপ তিন বছরের এওয়াইপি অর্জনে ব্যর্থতার পর একটি স্কুল "স্থানীয় সহায়তা প্রাপ্ত পরিকল্পনা" (এলএপি) স্কুল হিসেবে চিহ্নিত হতে পারে। এলএপি স্কুলগুলোকে "ভালো অবস্থানে থাকা" হিসবে বিবেচনা করা হয় না এবং সোগুলো সাধারণত বাড়তি রিপোর্ট ও স্ব-পর্যালোচনার শর্তাধীন থাকে।
- অংশগ্রহণকারীর হার সংক্রান্ত মানদণ্ড পূরণ না করা স্কুলগুলো "পুরস্কারপ্রাপ্ত স্কুল" হিসেবে বিবেচিত হওয়ার যোগ্যতা লাভ করেনা, যা স্টেটের অন্যান্য স্কুলগুলোর তুলনায় উচ্চ কর্মসম্পাদনা বা উচ্চ অগ্রগতি প্রদর্শনকারী স্কুল হিসেবে মর্যাদাকে তুলে ধরে।

[2] http://intranet.nycboe.net/NR/rdonlyres/E9E239C9-8C85-47DC-827D-DEA10CFD5D9D/0/305Generalpowersandduties.pdf

[3] http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Resources/default.htm

[4] http://schools.nyc.gov/ChoicesEnrollment/High/Resources/default.htm

এবছরের স্টেট পরীক্ষার ফলাফল শিক্ষক ও প্রিন্সিপ্যালের কাজের মান ও এনওয়াইসিডিওই স্কুলের দায়বদ্ধতার উপর কী প্রভাব ফেলে?

স্টেটের আইন অনুযায়ী ৩-৮ স্টেটের ইএলএ ও ম্যাথ পরীক্ষায় শিক্ষার্থীদের কর্মসম্পাদনা শিক্ষক ও প্রিন্সিপ্যালদের বার্ষিক পেশাদারিত্বের কার্যসম্পাদনার মান যাচাইয়ে অন্তর্ভুক্ত হবে না। স্টেটের পরীক্ষার ফলাফলের উপরে ভিত্তি করে যেকোন মূল্যায়ন শিক্ষক ও প্রিন্সিপ্যালদের অপেশাদারিত্বের কার্যসম্পাদনার মূল্যায়নে অন্তর্ভুক্ত হবে, যা ব্যবহৃত হয় শুধু পরামর্শমূলক উদ্দেশ্যে। এ বছরের পরীক্ষার ফল এনওয়াইসিডিওই-এর school quality guides-এতে উপস্থাপিত স্কুলের কার্যসম্পাদনার পরিমাপকে অন্তর্ভুক্ত হতে পারে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে http://schools.nyc.gov/Offices/advance/ ওয়েবসাইট দেখুন।

কোন পিতামাতা কি পরীক্ষাশেষে তাদের সন্তানের পরীক্ষা পর্যালোচনা করে দেখতে পারবেন?

হ্যাঁ, পিতামাতা তাদের সন্তানের স্কোর তাদের এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্টের মাধ্যমে দেখতে পারবেন। এছাড়াও স্টেট ইনডিভিজুয়াল স্টুডেন্ট রিপোর্টস (শিক্ষার্থীর একক প্রতিবেদন) প্রদান করে যাতে শিক্ষার্থীর কার্যসম্পাদনা সম্পর্কে অধিক বিস্তারিত তথ্য থাকে। তদুপরি, পরিবারসমূহ স্টেট টেস্টের স্কোর বা সার্বিক প্রাতিষ্ঠানিক অগ্রগতি নিয়ে কথা বলার জন্য তাদের সন্তানদের শিক্ষকের বা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে পারেন।

পিতামাতা পরীক্ষাশেষে তাদের সন্তানের পরীক্ষা অংশবিশেষ পর্যালোচনা করে দেখতে পারবেন। পিতামাতাগণ তাদের সন্তানের ইংরেজি ভাষা শৈলী বুক ২ ও বুক ৩ এবং ম্যাথমেটিক্স বুক ৩-এর উন্মুক্ত প্রশ্নপত্রের উত্তর পর্যালোচনার জন্য তাদের সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করতে পারেন। এ পর্যালোচনা অনুষ্ঠিত হবে একজন স্কুল কর্মকর্তার উপস্থিতিতে।

স্টেট সন্তানের পরীক্ষার মাল্টিপল চয়েস অংশ তাদের পিতামাতাদের পর্যালোচনার জন্য অনুমোদন দেয় না। এর স্থলে, প্রতিটি পরীক্ষায় দেখা যেতে পারে যে ধরণের প্রশ্ন, সেগুলোর প্রতিনিধিত্বশীল আনুমানিক ৫০% প্রশ্ন প্রদর্শন করতে অতীতে দেখা গেছে।

T&I-25756 (Bengali)